

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/২৪ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

নং ৩০.০০.০০০০.০১৪.০৮.০০৭.২০০৩(অংশ-২)-৭২৯—National Civil Aviation Security Committee (NCASC) এর সুপারিশ মোতাবেক ১২-০২-২০১৫ খ্রিঃ তারিখে গঠিত জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি (National Civil Aviation Security Committee -NCASC) নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি
(National Civil Aviation Security Committee-NCASC)

(ক) কমিটি গঠন :

১.	মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,	সভাপতি
২.	সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,	সদস্য
৩.	চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ,	সদস্য
৪.	সদস্য বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড,	সদস্য
৫.	অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), বাংলাদেশ পুলিশ,	সদস্য
৬.	যুগ্মসচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,	সদস্য
৭.	যুগ্মসচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়,	সদস্য
৮.	সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়,	সদস্য
৯.	ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ,	সদস্য

(২০৮৩৫)

মূল্য : টাকা ৪.০০

১০.	সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ,	সদস্য
১১.	পরিচালক (পরিচালন ও পরিকল্পনা), স্বশস্ত্র বাহিনী বিভাগ,	সদস্য
১২.	রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়,	সদস্য
১৩.	পরিচালক (বহিঃস্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা,	সদস্য
১৪.	পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর,	সদস্য
১৫.	সদস্য (নিরাপত্তা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ,	সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি :

- ১) বেসামরিক বিমান চলাচলের ক্ষেত্রে নিরাপত্তা হুমকি মোকাবেলায় কৌশলগত ও প্রযুক্তিগত উন্নয়ন, সম্ভাব্য নিরাপত্তা হুমকির বিষয়ে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্য ও অন্যান্য বিষয়ের ভিত্তিতে নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ/সুপারিশ প্রদান;
 - ২) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগ, দপ্তর ও প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় নিশ্চিতকরণ;
 - ৩) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা নীতির প্রস্তাব প্রণয়ন ও বিদ্যমান নীতি সংশোধন সম্পর্কিত সুপারিশমালা প্রণয়ন;
 - ৪) বিমানবন্দরের বিদ্যমান নিরাপত্তা সংক্রান্ত সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক উপকরণাদির সম্প্রসারণ এবং নতুন বিমানবন্দর নির্মাণকালে অবকাঠামোগত নিরাপত্তা সুবিধা প্রবর্তনের বিষয়াদি নিশ্চিতকরণ;
 - ৫) বিমানবন্দর নিরাপত্তা কমিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট কমিটির সুপারিশ পর্যালোচনাকরণ;
 - ৬) বিমান চলাচল নিরাপত্তার ন্যূনতম মান বজায় রাখার নিমিত্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও অন্যান্য রাষ্ট্রের সাথে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন এবং সামগ্রিকভাবে বিমান চলাচল নিরাপত্তার মান বৃদ্ধিকরণ; এবং
 - ৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কে পি আই সম্পর্কিত নির্দেশনা বিবেচনা সাপেক্ষে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রমের সমন্বয় সাধন এবং সে মোতাবেক পরামর্শ প্রদান।
- (গ) এড-হক সদস্য : কমিটির স্থায়ী সদস্য ব্যতীত সভাকে প্রায়োগিক কৌশল সংক্রান্ত বিশেষজ্ঞ ও অভিজ্ঞ মতামত প্রদানের নিমিত্ত এ কমিটি কর্তৃক অনুমোদিত ব্যক্তি এড-হক সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ করতে পারবেন।
- (ঘ) প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপ-কমিটি : কোন নতুন কার্যক্রম, ব্যবস্থা ও বিধানসমূহ পর্যালোচনা ও এর যথার্থতা যাচাই/পর্যালোচনার নিমিত্ত প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপ-কমিটি গঠন করা যাবে।
- (ঙ) সভা আহ্বান : সভাপতি বছরে ন্যূনতম ২ (দুই) বার সভা আহ্বান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রোকসিন্দা ফারহানা

উপসচিব।